# "ভর্তি বিজ্ঞপ্তি"

## (নোয়াখালী জিলা স্কুল ও নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়)

ডাকঘর- নোয়াখালী, উপজেলা- সদর, জেলা-নোয়াখালী।

স্মারক নং-০২/২৪ তারিখ ঃ ০৭/১১/২০২৪ ইং

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নোয়াখালী জিলা স্কুলে ও নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৫ম ও ৬ষ্ঠ শ্রেণিতে ২০২৫ শিক্ষাবর্ষে প্রাতঃ ও দিবা শাখায় শিক্ষার্থী ভর্তি করা হবে। ভর্তি সংক্রান্ত তথ্যাবলী নিম্নে প্রদত্ত হল:

১) **শিক্ষার্থীর বয়সঃ ৫ম** শ্রেণির ক্ষেত্রে বয়স ১০+, তবে সর্বনিম্ন ০৯ বছর ও সর্বোচ্চ ১১ বছর বয়সের শিক্ষার্থীরা আবেদন করতে পারবে(যেমন: ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিকালে কোন শিক্ষার্থীর বয়সসীমা সর্বনিম্ন ০৯ বছর হবে অর্থাৎ জন্মতারিখ হবে ০১ জানুয়ারী ২০১৬ পর্যন্ত এবং সর্বোচ্চ বয়সসীমা ১১ বছর হবে, অর্থাৎ জন্মতারিখ ৩১ ডিসেম্বর ২০১৩ পর্যন্ত)। ৬ষ্ঠ শ্রেনির ক্ষেত্রে বয়স হতে হবে ১১+। তবে সর্বনিম্ন ১০ বছর ও সর্বোচ্চ ১২ বছর বয়সের শিক্ষার্থীরা আবেদন করতে পারবে (যেমন: ২০২৫ শিক্ষাবর্ষে ভর্তিকালে কোন শিক্ষার্থীর বয়সসীমা সর্বনিম্ন ১০ বছর হবে অর্থাৎ জন্মতারিখ হবে ০১ জানুয়ারী ২০১৫ পর্যন্ত এবং সর্বোচ্চ বয়সসীমা ১২ বছর হবে অর্থাৎ জন্মতারিখ ৩১ ডিসেম্বর ২০১২ পর্যন্ত) হতে হবে। শিক্ষার্থীর জন্ম সনদ অবশ্যই অনলাইন হতে হবে এবং অনলাইন ভেরিফাইড কপির সাথে অবশ্যই মিল থাকতে হবে।

২) **আবেদনের সময়সীমাঃ** ৫ম ও ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির আবেদন ফরম পূরনের তারিখ: ১২/১১/২০২৪ তারিখ সকাল ১১:০০টা থেকে ৩০/১১/২০২৪ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত।

৩) **আবেদন ফরম পুরন সংক্রান্তঃ** ভর্তি পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী http://gsa.teletalk.com.bd এই ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করে প্রাপ্ত User ID ব্যবহার করে ৪৮ ঘন্টার মধ্যে Teletalk pre paid mobile নম্বর হতে SMS এর মাধ্যমে আবেদন ফি বাবদ ১১০/= (একশত দশ টাকা) টাকা প্রদান করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে পারবে। বিদ্যালয়ে কোন ভর্তি ফরম পাওয়া যাবে না। একজন শিক্ষার্থী একই আবেদনে উভয় শিফট এর জন্য আবেদন করতে পারবে।

৪) সফলভাবে আবেদন ও আবেদন ফি প্রদান সম্পন্ন হলে দ্বিতীয় SMS এ প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে http://gsa.teletalk.com.bd ওয়েব সাইট হতে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। শিক্ষার্থীকে প্রবেশপত্র (Admit Card) ও আবেদনপত্র (Applicants Copy) ভর্তির সময় জমা দিতে হবে।

৫) Online এ পূরণকৃত আবেদনপত্রে সরবরাহকৃত তথ্যই পরবর্তীতে সকল কাজে ব্যবহার হবে বিধায় আবেদন প্রেরণের পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী শতভাগ নিশ্চিত হতে হবে। যে শ্রেণি ও শিফট এর জন্য নির্বাচিত হবে সে শ্রেণি ও শিফট কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না।

৬) ভর্তির বিস্তারিত নিয়মাবলী http://gsa.teletalk.com.bd এ পাওয়া যাবে।

৭) **কোন আবেদনকারী অসদুপায় অবলম্বন করে একই প্রতিষ্ঠানে একাধিকবার আবেদন করলে এবং পরবর্তীতে তা প্রামিণত হলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।**

৯) **কোটা নির্ধারণঃ** সরকারি বিধি অনুযায়ী ১। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার জন্য ৫%, ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণদের জন্য ১০%, বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য ২% এবং শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর বা সংস্থার কর্মরত কর্মকর্তা/কর্মচারীর জন্য ১% আসন সংরক্ষিত থাকবে। ২। কোন প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থীর জমজ ভাই/বোন পূর্ব থেকে অধ্যয়নরত অথবা যে সকল ভাই/বোন নতুন আবেদন করবে তাদের জন্য ৩% আসন সংরক্ষিত থাকবে। ৩। কোন প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থীর সহোদর ভাই/বোন পূর্ব থেকে অধ্যয়নরত অথবা যে সকল ভাই/বোন নতুন আবেদন করবে তাদের জন্য ২% আসন সংরক্ষিত থাকবে।

১০) **কোটার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণ ও সাক্ষাৎকারঃ** মেধা কোটা ছাড়া অন্য সকল কোটায় নির্বাচিতদের প্রধান শিক্ষকের সাথে যোগাযোগ করে সাক্ষাৎকারের তারিখ জেনে শিক্ষার্থীসহ অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালী এর কক্ষে কোটার স্বপক্ষে সকল কাগজপত্রের মূল কপি সহ সাক্ষাৎকারে আসতে হবে। ১ সেট ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি সহ ভর্তি ফরম জমা দেওয়ার সময় বিদ্যালয়ে জমা দিতে হবে ও মূল কপি দেখাতে হবে।

১১) বিদ্যালয়ের শ্রেণি ও শিফট অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষার্থীর সংখ্যা নিম্নরূপ:

| নোয়াখালী জিলা স্কুল; সর্বমোট ১৯৪ জন | | | | নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়; সর্বমোট ২৫৭ জন | | | |
|---|---|---|---|---|---|---|---|
| শ্রেণি | সংখ্যা | শ্রেণি | সংখ্যা | শ্রেণি | সংখ্যা | শ্রেণি | সংখ্যা |
| ৫ম শ্রেণি-প্রাতঃ | ৪৮ জন | ৫ম শ্রেণি- দিবা | ৫০ জন | ৫ম শ্রেণি-প্রাতঃ | ৯৮ জন | ৫ম শ্রেণি- দিবা | ৯৯ জন |
| ৬ষ্ঠ শ্রেণি- প্রাতঃ | ৪৭ জন | ৬ষ্ঠ শ্রেণি- দিবা | ৪৯ জন | ৬ষ্ঠ শ্রেণি- প্রাতঃ | ৩০ জন | ৬ষ্ঠ শ্রেণি- দিবা | ৩০ জন |

০৭/১১/২০২৪

(মেহেরুন নেছা)
সদস্য সচিব
নোয়াখালী জেলা সদর সরকারি মাধ্যমিক বিদ্যালয় শিক্ষার্থী ভর্তি কমিটি
ও
প্রধান শিক্ষক
নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়,
নোয়াখালী।